

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشَّدَّةِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ يُزَيْدٍ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ، حَدَّثَنِي بَكْرُ بْنُ عَمْرٍو الْمَعَاوِرِيُّ، عَنْ أَبِي عُثْمَانَ مُسْلِمِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَفْتِيَ بِفُتْيَا مَنْ غَيْرِ نَبْتٍ، فَإِنَّمَا إِثْمُهُ عَلَى مَنْ أَفْتَاهُ

إِسْنَادُهُ حَسَنٌ إِذَا كَانَ بَكْرُ بْنُ عَمْرٍو سَمِعَهُ مِنْ أَبِي عُثْمَانَ

বাংলা

১৬১. আবী হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেন, তিনি বলেছেন, যে ব্যক্তি এমন ফতওয়া দিল যা (দলীল-প্রমাণ দ্বারা) সাব্যস্ত নয়, তাহলে ভুল ফতওয়া দানের পাপ ফতওয়া দানকারীর উপরই বর্তাবে।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান, যখন বাকর ইবনু আমর (এ হাদীসের একজন রাবী) আবী উছমান থেকে কিছু শ্রবণ করে থাকেন।

তাখরীজ: আবু দাউদ, ৩৬৫৭; বুখারী, আদাবুল মুফরাদ ২৫৯; তাহাবী, মুশকিলিল আছার ১/১৭১; হাকিম ১/১২৬; খতীব, ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/১৫৫; বাইহাকী, আদাবুল কাযী ১০/১১২; হাকিম ও যাহাবী একে বুখারী মুসলিমের শর্তে সহীহ বলেছেন। তবে আমি বলছি: এটি বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ নয়, বরং এর রাবী মুসলিম ইবনু ইয়াসার হতে ইমাম মুসলিম তার সহীহ মুসলিমের মুকদ্দমায় এর শাহীদ নিয়ে এসেছেন।

ইবনু হায়ম, আল আহকাম ৬/১০২১ ইবনু আব্বাস হতে, সনদ সহীহ; আহমদ ২/৩২১, সনদ হাসান, (এছাড়াও

শাইখ এর অনেকগুলো সনদ তাখরীজ করেছেন-অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69472>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন